

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৬২
আগরতলা, ২৭ ডিসেম্বর, ২০২৩

**বাল বৈজ্ঞানিক প্রদর্শনী এর প্রস্তুতি সভায় মুখ্যমন্ত্রী
ছাত্রছাত্রীদের উদ্ভাবনী এবং সৃজনশীল মানসিকতায় উদ্বুদ্ধ হতে হবে**

আগামী ১৮ এবং ১৯ জানুয়ারী ২০২৪ অনুষ্ঠিত হতে চলছে দুইদিন ব্যাপী ৫১তম রাজ্যস্তরীয় ‘বাল বৈজ্ঞানিক প্রদর্শনী’। আগরতলা মহারানী তুলসীবতি বালিকা বিদ্যালয়ে দুইদিন ব্যাপী এই ‘বাল বৈজ্ঞানিক প্রদর্শনী’ উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে আজ সচিবালয়ের ২ নং সভাকক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা বলেন, এইসব কর্মসূচির মাধ্যমে ছাত্রছাত্রীদের মেধা বৃদ্ধির পাশাপাশি চারিত্রিক বিকাশও ঘটে। তিনি আরও বলেন, ছাত্রছাত্রীদের অবশ্যই গতানুগতিক চিন্তাধারার বাইরে উদ্ভাবনী এবং সৃজনশীল মানসিকতায় উদ্বুদ্ধ হতে হবে। এইক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার উপর জোড় দেওয়া যেতে পারে। তিনি ছাত্রছাত্রীদের বিজ্ঞান প্রদর্শনীর ক্ষেত্রে সঠিক গাইডলাইন দেওয়ার জন্য শিক্ষকদের পরামর্শ দেন। বৈঠকে উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী, উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, ড. জহরলাল সাহা সহ শিক্ষা দপ্তরের অন্যান্য আধিকারিক এবং বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষিকাগণ।

সভায় উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা এন. সি. শর্মা রাজ্যস্তরীয় বাল বৈজ্ঞানিক প্রদর্শনী উদযাপন নিয়ে বিস্তৃত আলোচনা করেন। এবছর বিজ্ঞান মেলায় নাম দেওয়া হয়েছে ‘বাল বৈজ্ঞানিক প্রদর্শনী’। প্রথম পর্যায়ে বিদ্যালয় এবং জেলাস্তরে এই মেলা অনুষ্ঠিত হবে। তারপর রাজ্যস্তরে এই অনুষ্ঠান উদযাপন করা হবে। অনুষ্ঠানে বিজ্ঞান প্রদর্শনী এবং এক দিনের সেমিনারের আয়োজন করা হবে। ছাত্রছাত্রীরা বিভিন্ন থিম যেমন - স্বাস্থ্য, কৃষি, যোগাযোগ এবং পরিবহন ব্যবস্থা, গাণিতিক ধারণা ইত্যাদি বিষয় নিয়ে বিজ্ঞান প্রদর্শনীতে অংশগ্রহণ করবে। এছাড়াও থাকবে ছাত্রছাত্রীদের নিয়ে কুইজ, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা ইত্যাদি। অধিকর্তা বলেন, এবছর বিজ্ঞান প্রদর্শনীর থিম হচ্ছে ‘সাইন্স এন্ড টেকনোলজি ফর সোসাইটি’ এবং এক দিবসীয় সেমিনারের থিম রয়েছে ‘মিলেটস ফর হেলথ এন্ড সাসটেনেবল প্ল্যান্ট’। অনুষ্ঠান উপলক্ষ্যে ‘কনাদ’ নামে একটি স্মরণিকা প্রকাশ করা হবে।
